কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪১ সংখ্যা ৩২ কলকাতা বুধবার, ১০ মার্চ ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৬ ফাল্গুন ১৪২৭ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

আরও চাকরির খবর ভেতরের পাতায়

## কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

### সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি এক্সামিনেশন ২৭ জুন

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রশাসনিক বিভাগে ৮২২ জন অফিসার নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করা হবে সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের মাধ্যমে। উভয় সার্ভিসের জন্যই 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২১' নেওয়া হবে ২৭ জুন। প্রিলিমিনারি পরীক্ষায় সফলরা সিভিল সার্ভিসেস (মেন) অথবা ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (মেন) অথবা উভয় পরীক্ষায় বসার জন্যই দরখাস্ত করতে পারবেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 05/2021-IFoS এবং ইন্ডিয়ান সিভিল সার্ভিসেস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 04/2021-CSP.

**শূন্যপদ:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে ৭১২টি (এর মধ্যে ২২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত) এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ১১০টি। নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে এই সব বিষয়গুলির মধ্যে অন্তত একটি বিষয়ে গ্র্যাজুয়েট: অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। এগ্রিকালচার, ফরেস্ট্রি এবং ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও ফরেস্ট সার্ভিসের জন্য আবেদন করতে পারেন। উভয় সার্ভিসের ক্ষেত্রেই ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৮-২০২১ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা এবং প্রাক্তন সমরকর্মীরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক ও বৌদ্ধিক প্রতিবন্ধীরা সর্বাধিক ১০ বছরের ছাড় পাবেন।

**পরীক্ষার ধরনধারণ:** উভয় সার্ভিসের প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে দু'টি পেপারে। প্রতিটি পেপারেই ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে।

প্রথম পেপারে প্রশ্ন থাকে এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্ট্যান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল

*এরপর দুয়ের পাতায়*

## দোল আর ভোটের মরশুমে আয়ের পথ দেখাবে ভেষজ আবির

সামনে দোল। নীল দিগন্তে ফুলের আগুন লেগেছে। সেই ফুল থেকেই তৈরি হচ্ছে দোলখেলার আবির আর রং। সম্পূর্ণ ভেষজ বলে চোখ বা ত্বকের পক্ষে ক্ষতিকর নয় একেবারেই। এই বসন্তে চটজলদি ভেষজ আবির তৈরি করা শিখে অর্থোপার্জন করতে পারেন। তার উপর নির্বাচনও আসন্ন। নির্বাচনে জয় উদ্‌যাপনের জন্যও কিন্তু আবিরের চাহিদা বাড়বে।



**নিজস্ব প্রতিনিধি:** ক'দিন পরেই দোল। করোনা-র প্রকোপ যদিও একেবারে কমেনি, তবে পারিবারিক এবং ঘনিষ্ঠ মহলে এবারও নিয়ন্ত্রিত রঙের খেলায় মেতে উঠবে গোটা দেশের মানুষ। আবার অনেকেই আছেন যাঁদের কেবল অতিমারিতেই নয়, রং খেলার নামেই ভয়! সেই ভয় যুক্তিহীন মোটেই নয়। তাঁদের ক্ষেত্রে বাজারচলতি রঙের প্রতি এই আতঙ্ক তৈরি হয়েছে রং মাখার পরে ত্বকে ও চোখে বিভিন্ন সমস্যা দেখা দেওয়ায়।

বাজারে বিকোনো সস্তা রং বা আবিরে প্রচুর মাত্রায় রাসায়নিক মেশানো থাকে, যা ত্বক, চোখ ও চুলের জন্য ভীষণ ক্ষতিকর। এই সমস্যা একেবারেই নেই বিভিন্ন ফুল থেকে তৈরি ভেষজ আবিরে। ভেষজ আবিরের দৌলতে দোলে রং খেলায় অনেকেরই ভয় কেটেছে।

ভেষজ আবির তৈরি হয় মূলত ফুলের নির্যাস থেকে। পলাশ ও গাঁদা ফুলের মিশেলে বানানো হয় হলুদ রং, গোলাপ থেকে গোলাপি, অপরাজিতা ও কাঁচা হলুদের মিশেলে সবুজ ইত্যাদি।

ভেষজ আবির ইতিমধ্যেই অত্যন্ত জনপ্রিয়। দোলের আগে ভেষজ আবির তৈরি করে ব্যবসা করা যায়। তাছাড়া, সামনে বিধানসভা নির্বাচন। ফলাফল বেরোনোর পর বিভিন্ন আসনে জয়ী প্রার্থীদের নিয়ে রাজনৈতিক কর্মীদের যে-শোভাযাত্রা বেরোবে, সেখানেও যথেচ্ছ আবির উড়বে। ফলে এ মরশুমে ভেষজ আবিরের ব্যবসা তুলনায় দীর্ঘমেয়াদি এবং লাভজনক।

ভেষজ আবির তৈরি করার পদ্ধতি জটিল নয়, তাই সহজেই শিখে ফেলা যায়। সরকারি ও বেসরকারি উদ্যোগে প্রশিক্ষণের একাধিক ব্যবস্থা রয়েছে।ব্যবসা শুরু করা যায় মাত্র ১৫-২০ হাজার টাকা পুঁজি নিয়ে।

### রাজ্য সরকারের উদ্যোগে ভেষজ আবির তৈরি

গত তিন-চার বছর ধরে ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার। পশ্চিমবঙ্গ সরকারের শিশু বিকাশ, নারী ও সমাজ কল্যাণ দপ্তর এবং পুরুলিয়া জেলা প্রশাসনের আর্থিক সহায়তায় কন্যাশ্রী স্বাবলম্বী প্রকল্পে তৈরি ভেষজ আবিরের নাম 'পলাশকন্যা' এবং 'বনপলাশি'।

ভেষজ আবির তৈরির কাজে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের যুক্ত করেছে বাঁকুড়া প্রশাসন। কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে এবং প্রযুক্তি ব্যবহার করে ভেষজ আবির তৈরি করছেন উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জের গ্রামীণ এলাকার মহিলারা। কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিভিন্ন কর্মশালায় এবং মেলায় ভেষজ আবির ব্যবহারের বিষয়ে কৃষি বিজ্ঞান কেন্দ্র নিজেদের মতো করে প্রচার করছে।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের জেলা কার্যালয় থেকে দোলের আগে ভেষজ আবির ব্যবহারে উৎসাহ দেওয়া হয় স্থানীয়দের।

*এরপর পাঁচের পাতায়*

### ক্ষতিকর নয়, তাই সকলেই ঝুঁকছেন ভেষজ আবিরের দিকে

অসীম চট্টোপাধ্যায়, *প্রাক্তন টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়*

কৃষককে রক্ষা করা, কৃষিজাত দ্রব্যের অপচয় রোধ এবং একটা উপার্জনের পথ দেখিয়ে দেওয়া— এই তিনটি কারণ মাথায় রেখে ভেষজ আবির তৈরির পরিকল্পনা নেয় যাদবপুর বিশ্ববিদ্যালয়। সেই সময় আমি চাকরি করতাম। আমার তত্ত্বাবধানে এই কর্মসূচি শুরু হয়। তবে অবসরের পরেও আমি ব্যক্তিগত ভাবে ভেষজ আবির তৈরি ও প্রশিক্ষণ দেওয়ার কাজটি চালিয়ে যাচ্ছি।

'কর্মক্ষেত্র'য় প্রকাশিত প্রতিবেদন থেকে এ বিষয়ে জানতে পেরে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে বহু ছেলেমেয়ে আমার কাছে প্রশিক্ষণ নিতে আসেন। এমনকী দেশের এবং দেশের বাইরে বিভিন্ন জায়গা থেকে মানুষ আসেন প্রশিক্ষণ নিতে। এখন তাঁরা নিজেরাই ভেষজ আবির তৈরি করছেন।

আমি নিজেও প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি ভেষজ আবির বানিয়ে বিক্রি করি। ভারতের বিভিন্ন প্রান্ত থেকে তো বটেই, বিদেশ থেকেও প্রচুর অর্ডার পাই। এতদিনের অভিজ্ঞতায় দেখেছি, ভেষজ আবির যথেষ্ট জনপ্রিয়। এটা ত্বক ও চোখের জন্য ক্ষতিকর নয়, তাই সকলেই ঝুঁকছেন এই আবিরের দিকে।

যাঁরা ভেষজ আবিরের ব্যবসা করার জন্য আবির তৈরি শিখতে চান, তাঁদের বলব, সরাসরি উৎপাদনের আগে বাজারের চাহিদা সম্পর্কে ভালো করে বুঝে নিন। কী ভাবে ব্যবসা করবেন, তার পরিকল্পনা করে নিন। সবচেয়ে ভালো, প্রথমে অল্প পুঁজি নিয়ে ব্যবসা শুরু করা।

## দিল্লি সরকারে ৭৬৩

ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ১,১২৬ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি জল বোর্ড, পরিবহণ নিগম, প্রশিক্ষণ এবং কারিগরি শিক্ষা-সহ বিভিন্ন বিভাগ ও অফিসে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ৭৬৩টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/21.

শূন্যপদের বিবরণ: **স্পেশ্যাল এডুকেটর (প্রাইমারি):** পোস্ট কোড 32/21: শূন্যপদ: ৪৮৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা। এর পাশাপাশি সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্টে পাশ করে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিভিল):** ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে

*এরপর দুয়ের পাতায়*

## উত্তরপ্রদেশ মেট্রো রেলে ২৯২

### স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর, মেইন্টেনার

স্টেশন কন্ট্রোলার ও মেইন্টেনার পদে ২৯২ জন কর্মী নেবে উত্তরপ্রদেশ মেট্রো রেল। নিয়োগ করা হবে নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে। প্রথমে ২ বছরের প্রবেশন ও ট্রেনিং। মনে রাখবেন, উত্তরপ্রদেশে বসবাসকারী প্রার্থীরাই এ ক্ষেত্রে সংরক্ষণের সুবিধা পাবেন। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। এখানে তাই সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১২০টি শূন্যপদ নিয়েই আলোচনা করা হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UPMRC/HR/Rectt/O&M/1/2021.

পোস্ট কোড এন ই ০১: **স্টেশন কন্ট্রোলার কাম ট্রেন অপারেটর:** শূন্যপদ ৭৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা সমতুল বিষয়ে তিন বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** এ-ওয়ান। **বেতনক্রম:** ৩৩,০০০-৬৭,৩০০ টাকা।

পোস্ট কোড এন ই ০২: **মেইন্টেনার (ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ২২টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

পোস্ট কোড এন ই ০৩: **মেইন্টেনার (এস অ্যান্ড টি):** ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

পোস্ট কোড এন ই ০৪: **মেইন্টেনার (সিভিল):** ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিটার ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

*এরপর দুয়ের পাতায়*

## হিন্দুস্তান পেট্রোলিয়ামে ২০০

২০০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্টেশন শাখায় ই-টু গ্রেডে নিয়োগ করা হবে। প্রবেশন ১ বছরের।

শাখানুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল ১২০টি, সিভিল ৩০টি, ইলেক্ট্রিক্যাল ২৫টি, ইনস্ট্রুমেন্টেশন ২৫টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৯৩, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ২০।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এবং ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ৩-৩-২০২১ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, গ্রুপ টাস্ক এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইন্টেলেকচুয়াল পোটেনশিয়াল টেস্ট এবং সংশ্লিষ্ট বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustan

*এরপর দুয়ের পাতায়*

# দিল্লি সরকারে ৭৬৩

*প্রথম পাতার পর*

সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট:** পোস্ট কোড 12/21: শূন্যপদ: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট কেমিস্ট:** পোস্ট কোড 13/21: শূন্যপদ: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক, অন্যতম প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সঙ্গে কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি পাশ অথবা কোনও ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট বা ওয়াটার অ্যান্ড সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্টে কেমিক্যাল অ্যানালিসিস-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/ মেকানিক্যাল):** পোস্ট কোড 14/21: শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল):** পোস্ট কোড 15/21: শূন্যপদ: ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা।

**ড্রাফটসম্যান গ্রেড-১:** পোস্ট কোড 16/21: শূন্যপদ: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপে ডিপ্লোমা, সঙ্গে অটোক্যাড-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা মাধ্যমিক, সঙ্গে ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট:** পোস্ট কোড 17/21: শূন্যপদ: ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে ইংরেজি বা হিন্দিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ লেখার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফি টেস্টে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন কম্পিউটারে ইংরেজিতে ৪০ মিনিটে বা হিন্দিতে ৫৫ মিনিটে টাইপ করতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**ফার্মাসিস্ট (আয়ুর্বেদ):** পোস্ট কোড 18/21: শূন্যপদ: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে উপবৈদ্য বা ভেষজ কল্পক কোর্সে অন্তত ২ বছরের ট্রেনিং নিয়ে থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**ফার্মাসিস্ট (ইউনানি):** পোস্ট কোড 19/21: শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ইউনানি ফার্মাসিতে ২ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**ফার্মাসিস্ট (হোমিওপ্যাথি):** পোস্ট কোড 20/21: শূন্যপদ: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে হোমিওপ্যাথি ফার্মাসিতে অন্তত ২ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু:** পোস্ট কোড 22/21: শূন্যপদ: ১৩টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৬ মাস মেয়াদের কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স পাশ। অথবা অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**জুনিয়র স্টেনোগ্রাফার (ইংলিশ):** পোস্ট কোড 23/21: শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। সঙ্গে ইংরেজিতে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দ লেখা এবং কম্পিউটারে প্রতি মিনিটে ৫০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফি টেস্টে ১০ মিনিট ধরে ডিক্টেশন দেওয়া হবে। স্নাতকদের অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৪০০ টাকা।

**সিকিউরিটি সুপারভাইজর (পুরুষ):** পোস্ট কোড 26/21: শূন্যপদ: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। দৈহিক মাপজোক: উচ্চতা ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ ও ৮৫ সেমি হতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান:** পোস্ট কোড 27/21: শূন্যপদ: ৬৪টি। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে অ্যাপ্রেন্টিসশিপ ও ট্রেনিং-সহ ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ফিল্টার সুপারভাইজর:** পোস্ট কোড 29/21: শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

**প্রোগ্রামার:** পোস্ট কোড 30/21: শূন্যপদ: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট, এর পাশাপাশি কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,৮০০ টাকা।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ডেফ অ্যান্ড ডাম্ব):** পোস্ট কোড 31/21 শূন্যপদ: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট)-এ বি এড। অথবা বি এড (জেনারেল), সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট) ১ বছরের ডিপ্লোমা। অথবা বি এড (জেনারেল), সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট) ২ বছরের ডিপ্লোমা বা স্পেশ্যাল এডুকেশন (হিয়ারিং ইম্পেয়ারমেন্ট)-এ স্নাতকোত্তর প্রফেশনাল ডিপ্লোমা কোর্স পাশ। অথবা স্পেশ্যাল এডুকেশনে বি এড, সঙ্গে হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ স্পেশ্যাল এডুকেশনে পোস্ট-গ্র্যাজুয়েট প্রফেশনাল সার্টিফিকেট কোর্স পাশ। অথবা শ্রবণশক্তি রহিত ছাত্রছাত্রীদের শিক্ষকতার সিনিয়র ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

সব ক্ষেত্রেই ১৪-৪-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: http://dsssb.delhi.gov.in

# হিন্দুস্তান পেট্রোলিয়ামে ২০০

*প্রথম পাতার পর*

petroleum.com দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জি এস টি-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউ পি আই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরপ্রদেশ মেট্রো রেলে ২৯২

*প্রথম পাতার পর*

**বয়স:** সব ক'টি পদের ক্ষেত্রেই ১-৩-২০২১ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিকেল এক্সামিনেশনের মাধ্যমে। স্টেশন কন্ট্রোলার পদের ক্ষেত্রে অতিরিক্ত সাইকো অ্যাপ্টিটিউড টেস্ট নেওয়া হবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং সংশ্লিষ্ট বিষয়ে। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। মিরাট, লখনৌ, গাজিয়াবাদ, আলিগড়, নয়ডা, কানপুর, আগ্রা, বেনারস, গোরখপুর-সহ উত্তরপ্রদেশের বিভিন্ন শহরে পরীক্ষা নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upmetrorail.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ মার্চ থেকে ২ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় ৮০ কেবি সাইজের মধ্যে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং সই জে পি জি ফর্ম্যাটে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫৯০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া অফলাইনে চালানের মাধ্যমে এস বি আই পেমেন্ট গেটওয়ে প্রক্রিয়ায় স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

*প্রথম পাতার পর*

মুভমেন্ট। ইন্ডিয়ান অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল, ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্ন্যান্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি, বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যাতিরেকে)। জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এই সব বিষয়: কমপ্রিহেনশন, ইন্টারপার্সোন্যাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউম্যারেসি (নাম্বারস অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)।

প্রিলিমিনারি পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে সিভিল সার্ভিসেস মেন এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের আলাদা তালিকা প্রকাশ করা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর পরবর্তী পর্যায়ের কোনও ক্ষেত্রে গ্রাহ্য হবে না। প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি এবং মেন পরীক্ষার একমাত্র পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**মেন পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় থাকে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান— জেনারেল ইংলিশ ও পেপার টু— জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০। দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হয়। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। মোট চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হয়। লিখিত পরীক্ষায় সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় প্রথমে পেপার 'এ' এবং পেপার 'বি'-এর পরীক্ষা হয়। ৩০০ নম্বরের পেপার 'এ'-র জন্য ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলভুক্ত যে-কোনও একটি ভাষা নিতে হয়। পেপার 'বি'-তে থাকে ৩০০ নম্বরের ইংরেজি ভাষা। এই পেপার দু'টিতে পাওয়া নম্বর মেধাতালিকা তৈরিতে গ্রাহ্য হয় না। এই দু'টি পেপারে শুধুমাত্র কোয়ালিফাইং নম্বর থাকতে হয়। মেধাতালিকার ক্ষেত্রে থাকে ১,৭৫০ নম্বরের লিখিত পরীক্ষা। থাকে মোট ৭টি পেপার। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। পেপার ১-এ থাকবে ২৫০ নম্বরের এসে রাইটিং। পেপার-২, ৩, ৪ ও ৫: জেনারেল স্টাডিজ (প্রতি পেপার ২৫০ নম্বর)। পেপার টুতে থাকে ইন্ডিয়ান হেরিটেজ অ্যান্ড কালচার, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব দ্য ওয়ার্ল্ড অ্যান্ড সোসাইটি;

এরপর তিনের পাতায়

কর্মক্ষেত্র
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

**স্টার হোটেলে 6-17,500/-**
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**মহিলা ও পুরুষ নিয়োগ**
**Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে** 182 জনকে চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ ও অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16K-29K, (M): 94337-48766, A. J, তেঘরিয়া, Kol-59

□

**Need LATHEMAN, FITTER,** HELPER Minimum 2-3 years experience, Below 45 years age. Only Male. Interested candidate can send their CV to Kalipur Wire Industries, Kalipur Check Post, Dankuni Hooghly-712708. Mob: 94332-08214.

□

**সরাসরি কর্মী নিয়োগ**
**প্রতিটি জেলায় Pvt.** নার্সিং হোম কোম্পানি শপিং মল, ফ্যাক্টরি, টাওয়ার Co.-তে ও ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,000/- থাকা খাওয়া ফ্রী। M. G, R. B. Lane, Kol-9, (M): 70769-50046.

□

**জেলাভিত্তিক স্থায়ী জব**
**পঃবঙ্গের বিভিন্ন জায়গায় NC, MNC,** Pvt. Ltd. Co. ATM ও টাওয়ার গার্ড-সহ অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ করানো হচ্ছে। বেতন: 12,700/- – 19,500/-, থাকা ও খাওয়ার সুবিধা। Y. J. K, P. S. Kol-56, (M): 95938-58611.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**দমদম Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও** ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 42,300/-, থাকা-খাওয়া ফ্রী। A. C, কলেজ স্ট্রীট মোড়, Kol-13, (M): 74073-30329.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**জব গ্যারান্টি হবেই**
**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও** ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 43,700/-. থাকা খাওয়া ফ্রী। A. G. বিধাননগর, Kol-54, (M): 74073-30471.

□

কর্মখালি

**এয়ারপোর্ট ও মেট্রোতে জব**
**Govt. Reg. No: 2983** বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**
**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07. (M): 83709-73452.

□

**আর্জেন্ট কাজের সুযোগ**
**এই সর্বপ্রথম পঃবঙ্গের Govt. RL No-** 8250 প্রাপ্ত Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,400/- – 43,900/-. Ex আর্মির বিশেষ সুযোগ। S. J. S, Kol-9. (M): 74073-30445.

□

**সরাসরি কর্মী নিয়োগ**
**প্রতিটি জেলায় Pvt.** নার্সিং হোম কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরি, টাওয়ার Co., ATM-এ কর্মী নিয়োগ চলছে। বেতন: (12,500/- – 18,000/-) থাকা খাওয়া ফ্রী। R. E, R. B. Lane, Kol-09, (M): 82748-59339.

□

**বিনা ডোনেশনে স্থায়ী কাজ**
**জেলাভিত্তিক কোম্পানি, ফ্যাক্টরি,** অফিস, শপিং মল, শোরুম, Pvt. নার্সিং হোম, ব্যাঙ্ক (DSA), এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,600/- – 18,700/-), M. J. S, Kol-9. (M): 91237-84868.

□

**SBI/AXIS/HDFC/UCO ব্যাঙ্কিং প্রসেসে** স্মার্ট বাংলাভাষী (18-34), M/F সরাসরি নিয়োগ। 12,653/- – 37,550/- (ESI+PF+INC.). W2C, Kol-56. বেলঘরিয়া/বারাসাত: 83348-59516, বিধাননগর/হাওড়া: 90513-83837.

স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**
**প্রাইমারি, মন্তেশ্বরী ও সিনিয়র টিচার্স** ট্রেনিং কোর্সে ভর্তি চলছে। (BSS, NSDC-Govt. of India Approved). Placement Assistance). Global Technical Institute, বেলেঘাটা: 92315-51285/92301-13485, গড়িয়া: 90516-29028/82407-96873.

□

**WBCS পড়াই। দীর্ঘকালীন প্রস্তুতিতে** Group C ও D-তে চূড়ান্ত সফল ছাত্র-ছাত্রীরা। মাসে 1500/- সাগর রায় 98740-69897 হাওড়া ময়দান।

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

*দুয়ের পাতার পর*

পেপার থ্রিতে থাকে গভর্ন্যান্স, কনস্টিটিউশন, পোলিটি, সোশ্যাল জাস্টিস অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস; পেপার ফোরে থাকবে টেকনোলজি, ইকনমিক ডেভেলপমেন্ট, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট; পেপার ফাইভে থাকে এথিক্স, ইন্টিগ্রিটি অ্যান্ড অ্যাপ্টিটিউড। পেপার ৬ ও ৭: একটি ঐচ্ছিক (অপশনাল) বিষয় (প্রতি পেপারে ২৫০ নম্বর)।

অপশনাল বিষয় হিসেবে নেওয়া যায়: (১) এগ্রিকালচার, (২) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৩) অ্যানথ্রোপলজি, (৪) বটানি, (৫) কেমিস্ট্রি, (৬) সিভিল ইঞ্জিনিয়ারিং, (৭) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, (৮) ইকনমিক্স, (৯) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১০) জিওগ্রাফি, (১১) জিওলজি, (১২) হিস্ট্রি, (১৩) ল, (১৪) ম্যানেজমেন্ট, (১৫) ম্যাথমেটিক্স, (১৬) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১৭) মেডিক্যাল সায়েন্স, (১৮) ফিলোজফি, (১৯) ফিজিক্স, (২০) পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস, (২১) সাইকোলজি, (২২) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২৩) সোশিওলজি, (২৪) স্ট্যাটিস্টিক্স, (২৫) জুলজি, (২৬) নিম্নলিখিত যে-কোনও একটি ভাষা— অসমিয়া, বাংলা, বোড়ো, ডোগরি, গুজরাতি, হিন্দি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কনি, মৈথিলী, মালয়লম, মারাঠি, মণিপুরি, নেপালি, ওড়িয়া, পঞ্জাবি, সংস্কৃত, সাঁওতালি, সিন্ধি, তামিল, তেলুগু, উর্দু, ইংরেজি।

পেপার 'বি' ছাড়া অন্য সব বিষয়ের পরীক্ষা বাংলাতেও দেওয়া যাবে, যদি স্নাতকে পড়াশোনার মাধ্যম বাংলা হয়। মেন পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in **দরখাস্তের শেষ তারিখ** ২৪ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দু'টি ধাপে অনলাইন ফর্ম পূরণ করতে হবে— পার্ট-ওয়ান এবং পার্ট-টু রেজিস্ট্রেশন।

প্রিলিমিনারি পরীক্ষার ফি ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না। পার্ট-টু রেজিস্ট্রেশনের পর পে-ইন-স্লিপের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারবেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন (ওয়ার্কিং ডে) ফি জমা দিতে হবে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩ মার্চ। অনলাইনেও ফি জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা এস বি আই ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অনলাইন ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৪মার্চ।

বিশেষ প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ইউ পি এস সি-র ফেসিলিটেশন কাউন্টারে এই ফোন নম্বরে: (০১১) ২৩৩৮-১১২৫/৫২৭১/২৩০৯-৮৫৪৩ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সরকারি প্রতিরক্ষা গবেষণাগারে অ্যাপ্রেন্টিস

৭১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দেরাদুনের ডিফেন্স ইলেক্ট্রনিক্স অ্যাপ্লিকেশন ল্যাবরেটরি। এটি কেন্দ্রীয় সরকারের ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের অধীনস্থ একটি সংস্থা। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। **আসনসংখ্যার বিবরণ:** ডিপ্লোমা অ্যাপ্রে-ন্টিস ট্রেনি: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং: ৭টি, মেকানিক্যাল: ৪টি, কম্পিউটার সায়েন্স/কম্পিউটার অ্যাপ্লিকেশন: ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। বয়স: ১২-৩-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা।

২০১৮-র আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে আবেদন করবেন না।

আই টি আই অ্যাপ্রেন্টিস ট্রেনি: ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৪টি, মেশিনিস্ট: ৭টি, টার্নার: ৬টি, ফিটার: ১০টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে ফিটার বা টার্নার বা ইলেক্ট্রনিক্স বা রেডিও অ্যান্ড টি ভি বা মেশিনিস্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। বয়স: ১২-৩-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ৭,০০০ টাকা।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এবং আই টি আই-এর ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org এরপর সার্চ এস্টাব্লিশমেন্ট অপশনে গিয়ে সংশ্লিষ্ট সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন জানাতে হবে (DEAL ID NUKDDC000015)। আবেদনের শেষ তারিখ ১২ মার্চ।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.drdo.gov.in


adda 247

CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY

HOOGHLY (RISHRA) ● DURGAPUR

GRAND LAUNCHING OF NEW OFFLINE BATCHES FOR
► WBCS - From 15TH APRIL
► WB POLICE CONSTABLE/SI/ CENTRAL FORCE-16TH MARCH
পশ্চিমবঙ্গ পুলিশ কনেস্টবল ও সাব-ইনসপেক্টর - ১৬ই মার্চ
(মোট ৯,৭২০ জন্ ছেলে মেয়ে নিয়োগ করা হবে)

FRESH BATCH AVAILABLE FOR / নতুন ব্যাচ এর সুযোগ
• BANK (IBPS / SBI) - 16TH MARCH
• SSC (CGL / CHSL / MTS) - 16TH MARCH
• RAIL GROUP D - From 16TH MARCH
• C-TET / WBTET- 30TH MARCH


BEST STUDY MATERIAL / LARGE NO. OF MOCKTEST (ONLINE & OFFLINE)
FACILITY FOR ONLINE CLASS AVAILABLE
FOR DETAIL CONTACT : MOB / WHAT'SAPP-8335877777/9007170572

MINDMINE ACADEMY FOR COMPETITIVE EXAMS (MACE)
( A Unit of MIST ) Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
পশ্চিমবাংলার মধ্যবিত্ত ছাত্র ছাত্রীদের জন্য একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান

* RRB Group D ( Vacancy 103769 )
* INSURANCE
* SSC CHSL / CGL
* ARMY / NAVY / AIRFORCE
* WB PSC
* BANKING
* Lady constable
* PSC Food SI
* WB Police constable Vacancy 8632
* WB Police SI Vacancy 1088

বিগত দুদশক ধরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান চালানোর পরে আমাদের সংকল্প মধ্যবিত্তদের জন্য সরকারি চাকরি পাওয়ার সঠিক শিক্ষা প্রতিষ্ঠান তৈরী করা। এই মর্মে আমরা এগিয়ে এসেছি ছোট ছোট package course নিয়ে। Online ও Postal এর মাধ্যমেও পড়াশোনার সুযোগ আছে। সুদক্ষ শিক্ষক মণ্ডলীর দ্বারা পরিচালিত। দূরবর্তী ছাত্র ছাত্রীদের জন্য hostel-এর সুব্যবস্থা আছে।

WB POLICE (SI + CONST.)
FEES :4499/- Only
• Special care classes
• Special study materials
• Mock test series



DIRECT ADMISSION 2021*
B.A / M.A ; B.Sc / .Sc ; B.Com / M.Com ; B.Sc-IT / M.Sc-IT
BLIS ; PGDCA ; BCA /MCA BBA /MBA- [ HR,MARKETING,FINANCE, INTERNATIONAL BUSINESS ]
NURSING / D.ed / PHARMACY -35000/- P.Y ; B.ED / LLB - 27500/-P.Y

PhD~ Arts , Science , Commerce , Engineering , Management ,
( Only entrance test )

NIOS ( X / XII ) - কোচিং ও নোটস সহ ভর্তি চলছে বাংলা ও ইংরাজী মাধ্যমে
*Admission guidance + notes & suggestion ( postal coaching )

✦ মৌলালী (Sealdah) ' Aryan Tower ' @7595077657
✦ ঠাকুরপুকুর (Joka Metro) 'শেফালী ভবন' @7595077656

SKILL COURSES#
Affiliated by :
West Bengal board of vocational education & Training
Centre code : WBBVET-00000015

Management & Professional
Office & Accounts Management
Digital Marketing Management
Export / Import Management
Tourism & Logistic with Cargo supply chain Mgt.
Retail Mgt. & E-Commerce
Journalism & Mass Communication
Share Trading & Insurance Agent

Computer & Telecom
Comp. H/W Networking & Laptop + Pinter Repairing
Mobile EPABX & Walky Repairing
Multimedia & Web Design
CCA / DCA / FA / DTP / Auto CAD

Design & Decoration
Fashion Design / Jewellary Design
Interior Decoration
Textile Design & Printing Technology

Paramedical
Lab Technology / Physiotherapy
X-Ray / Radiology / Ultra Sound
Dialysis Technician / O.T Technician
Nursing Assistance / Health Inspector

# 100% Job Assistance ; Fees Monthly 1000 - 2500/-

Affiliated by :
NATIONAL COUNCIL OF MEDICAL AND PARAMEDICAL SCIENCES
(Govt. Of India approved) Centre code : NCM -00000028

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৩ ফেব্রুয়ারি-১৯ ফেব্রুয়ারি

**১৩ ফেব্রুয়ারি** সদ্য প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ইমপিচমেন্ট থেকে রেহাই দিল মার্কিন সেনেট। ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ ছিল, তাঁর উস্কানিমূলক বক্তৃতার জেরেই ৬ জানুয়ারি ক্যাপিটলে তাণ্ডব হয়েছিল। এদিন সেনেটে ইমপিচমেন্টের পক্ষে ভোট পড়েছে ৫৭টি, প্রাক্তন প্রেসিডেন্টের ইমপিচমেন্টের জন্য প্রয়োজন ছিল আরও ১০টি ভোটের।

## উত্তর-পূর্ব সীমান্তে হাউইৎজার কামান বসাবে সেনা



১৮ ফেব্রুয়ারি: সিকিম ও অরুণাচলে চিনকে ঠেকাতে মার্কিন হাউইৎজার কামান আনতে চলেছে ভারত। ফোর্ট উইলিয়ামে এক অনুষ্ঠানে এমনই দাবি করলেন দেশের পূর্বাঞ্চলীয় সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল অনিল চৌহান। গলওয়ানে চিনা আগ্রাসনের পর মার্কিন প্রযুক্তিতে তৈরি আল্ট্রা-লাইট বা অতি-হালকা হাউইৎজার কামান খুব তাড়াতাড়ি ভারতীয় বাহিনীর অস্ত্রাগারে জায়গা করে নিতে চলেছে বলে জানান তিনি। প্রথম দফায় যে হাউইৎজারগুলো আসছে তার বেশ কয়েকটি উত্তর-পূর্ব সীমান্তের জন্যই নির্দিষ্ট। সেনা সূত্রে আরও বলা হয়েছে, সীমান্তে বিস্তীর্ণ এলাকা যাতায়াতের পক্ষে অত্যন্ত দুর্গম। কিন্তু তার জন্য সুরক্ষার ব্যাপারে গাফিলতি করা যায় না।

**মার্কিন কমিক চরিত্র 'ডুমসডে ম্যান' যে** কিনা গোটা দুনিয়ার জন্য বার বার বিপজ্জনক হয়ে ওঠে, তার সঙ্গে রাহুল গান্ধীকে তুলনা করল বিজেপি। রাহুলের বিরুদ্ধে অভিযোগ, সীমান্তে কোনও সঙ্কট হলে তিনি সরকারের সঙ্গে কথা না বলে, অন্য দেশের দূতাবাসে ফোন করে জানতে চান, সীমান্তে কী হচ্ছে। এ দিন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় দাঁড়িয়ে বলেন, 'আমার ভয়, উনি হয়তো ভারতের জন্য ডুমসডে ম্যান হয়ে যাচ্ছেন।' রাহুলের বিরুদ্ধে এ কথা বলার জন্য কংগ্রেস সাংসদ টি এন প্রতাপন অর্থমন্ত্রীর বিরুদ্ধে পাল্টা স্বাধিকার ভঙ্গের প্রস্তাব এনেছেন। রাহুল নিজে এই আক্রমণ নিয়ে মন্তব্য করেছেন, 'মতাদর্শের লড়াই চলছে। আক্রমণ আমাকে আরও পরিশুদ্ধ করতে সাহায্য করে। আমাকে কী করতে হবে, তাই নিয়ে ভাবনাগুলো আরও তীক্ষ্ণ করে তোলেন ট্রোল বা আক্রমণকারীরা।'

**১৪ ফেব্রুয়ারি** কৃষক আন্দোলন চলাকালীন মৃত কৃষকদের সম্পর্কে অসংবেদনশীল মন্তব্য করার অভিযোগ উঠল হরিয়ানার কৃষিমন্ত্রী জে পি দালালের বিরুদ্ধে। প্রচণ্ড ঠান্ডায় যাঁরা মারা গিয়েছিলেন এবং যাঁরা আত্মঘাতী হয়েছেন, বিরোধীরা তাঁদের শহিদ আখ্যা দিলেও হরিয়ানার ভিওয়ানিতে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে দালাল রসিকতার ঢংয়ে বলেন, 'বাড়িতেও মরতেই হতো ওঁদের। এখানে কি লোক মারা যাচ্ছে না? ২ লক্ষ লোকের মধ্যে ৬ মাসে ২০০ জনের মৃত্যু কি অস্বাভাবিক? এই ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই সমালোচনায় সরব হন বিরোধীরা।


**চিনকে সন্তুষ্ট করতে গিয়ে নরেন্দ্র মোদী** সরকার দেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছে বলে অভিযোগ আনলেন প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রী এ কে অ্যান্টনি। প্যাংগং লেকের উত্তর ও দক্ষিণ অংশ থেকে সেনা প্রত্যাহারের ব্যাপারে চিনের সঙ্গে হওয়া সমঝোতার কড়া নিন্দা করেছেন এই কংগ্রেস নেতা। তাঁর দাবি, 'গলওয়ান ও প্যাংগং সো থেকে সেনা সরানো চিনের কাছে আত্মসমর্পণের সামিল। চিনের শর্ত মেনেই পূর্ব লাদাখের বিস্তীর্ণ এলাকা থেকে সেনা সরাচ্ছে ভারত। এছাড়াও প্রতিরক্ষা খাতে নামমাত্র বরাদ্দ করে ভারত আসলে চিনকেই তুষ্ট করতে চাইছে বলে অভিযোগ অ্যান্টনির। প্রাক্তন প্রতিরক্ষামন্ত্রীর বক্তব্য, সীমান্ত থেকে সেনা সরালে শান্তি ফিরবে ঠিকই, কিন্তু জাতীয় নিরাপত্তার সঙ্গে আপস করে এই শান্তি মোটেই কাম্য নয়।

**অসমে বিধানসভা ভোটের প্রচারে গিয়ে** 'নাগরিকত্ব সংশোধনী আইন' নিয়ে সরব হলেন কংগ্রেসের রাহুল গান্ধী। বিজেপি এবং আরএসএসের বিরুদ্ধে অসমকে বিভাজিত করার অভিযোগ এনে শিবসাগরের সভায় রাহুল ঘোষণা করেন, কংগ্রেস ক্ষমতায় এলে কোনওভাবেই সিএএ কার্যকর করবে না। রাহুল বলেন, 'অসমের প্রয়োজন নিজের মুখ্যমন্ত্রী যিনি অসমের মানুষের কথা শুনবেন। দিল্লি বা নাগপুরের কথায় চলবেন না।' অসমে কংগ্রেস ক্ষমতায় এলে সিএএ-র পরিবর্তে 'অসম অ্যাকর্ড'-এর প্রতিটি নীতি সুরক্ষিত করার প্রতিশ্রুতি দিয়েছেন। সেইসঙ্গে অনুপ্রবেশ যে অসমের একটি সমস্যা, সে কথা মেনে নিয়ে রাহুল বলেন, 'আমার আশা এই রাজ্যের মানুষ আলোচনার মাধ্যমে সেই সমস্যার সমাধান বের করে আনবেন।'

## পাঞ্জাবে পুরভোটে ধরাশায়ী বিজেপি



১৭ ফেব্রুয়ারি: পাঞ্জাবে পুরভোটে বিজেপি-কে ধরাশায়ী করে বিরাট জয় পেল কংগ্রেস। কৃষক আইন প্রত্যাহারের দাবিতে গত কয়েকমাস ধরেই দিল্লি সীমান্তে কৃষকদের অবস্থানেরই প্রতিফলন ভোটবাক্সে দেখা গেল। আটটি পুরসভা আর ১০৯টি নগর পঞ্চায়েতের নির্বাচনের গণনার শুরু থেকেই কংগ্রেসের পাল্লা ভারী ছিল। শাসকদলের এমন জয়ে উচ্ছ্বসিত মুখ্যমন্ত্রী অমরিন্দর সিং বলেন, 'এটা শুধুমাত্র সরকারের উন্নয়নমূলক কাজ আর নীতির প্রতি মানুষের সমর্থন নয়, জনগণ-বিরোধী কাজকর্মে যুক্ত দল যেমন আকালি, আপ আর বিজেপি-কে প্রত্যাখ্যান করেছে সাধারণ মানুষ।'



“বাংলার মানুষকে যদি আমরা বিনা পয়সায় খাদ্য দিতে পারি, চিকিৎসা দিতে পারি, শিক্ষা দিতে পারি, তা হলে তোমাকেও বিনা পয়সায় রান্নার গ্যাস দিতে হবে।”

মমতা বন্দ্যোপাধ্যায়, *পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী*
শিলিগুড়ির জনসভায় গ্যাস সিলিন্ডারের লাগাতার মূল্যবৃদ্ধিকে আক্রমণ করে রাজনৈতিক বক্তৃতায়

## অক্সফোর্ডে ছাত্র সংগঠনে শীর্ষ পদে রশ্মি



১৩ ফেব্রুয়ারি: অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়নের প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে নজির গড়লেন ভারতের রশ্মি সামন্ত। এই প্রথম কোনও ভারতীয় ছাত্রী এই পদে নির্বাচিত হলেন। কর্নাটকের মণিপাল ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে স্নাতক রশ্মি বর্তমানে লিনাক্‌র কলেজ থেকে এনার্জি সিস্টেম নিয়ে স্নাতকোত্তর করছেন। তাঁর দেওয়া ইস্তাহারে ভারতীয় সত্তার স্পষ্ট ছাপ রয়েছে। যে বিষয়গুলির উপরে রশ্মি জোর দিয়েছেন তার মধ্যে অন্যতম হল, পাঠ্যসূচি ও শিক্ষাঙ্গন থেকে ঔপনিবেশিকতার ছাপ মুছে ফেলা। একসময় ব্রিটিশ উপনিবেশ ছিল এমন একটি দেশের মানুষ হিসেবে আর্থ-সামাজিক ও জাতিগত ভাবে প্রান্তিকদের প্রতি বিশেষ নজর দিতে চান বলে জানিয়েছেন রশ্মি।

**১৫ ফেব্রুয়ারি** বাম ও কংগ্রেসের ছাত্র-যুব সংগঠনের নবান্ন অভিযানে ১১ ফেব্রুয়ারি আহত হওয়া ডিওয়াইএফআই কর্মী, বাঁকুড়ার মইদুল ইসলাম মিদ্যা কলকাতার একটি নার্সিংহোমে মারা গেলেন। তার জেরেই কলকাতার বিভিন্ন প্রান্তে বিক্ষোভ ছড়াল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাম কর্মীর মৃত্যুতে দুঃখ প্রকাশ করে তাঁর পরিবারের পাশে দাঁড়ানোর বার্তা দিলেও তাঁর দলের তরফে পার্থ চট্টোপাধ্যায়, সুব্রত মুখোপাধ্যায়, শোভনদেব চট্টোপাধ্যায়রা বামেদের বিরুদ্ধে ভোটব্যাঙ্কের রাজনীতির জন্য ছাত্র-যুবদের মার খাওয়াতে পাঠানোর অভিযোগ তুলেছেন।

**আইটিবিপি, বিএসএফ বা এসএসবি-র** মতো আধাসামরিক কেন্দ্রীয় বাহিনীর বদলে জম্মু-কাশ্মীর, পাঞ্জাব, রাজস্থান, গুজরাট, পশ্চিমবঙ্গ-সহ দেশের গুরুত্বপূর্ণ সীমান্তগুলির পাহারার দায়িত্ব পুরোপুরিভাবে সেনাবাহিনীর হাতে তুলে দেওয়ার দাবিতে সোচ্চার হল ভারতের সামরিক বাহিনী। বাহিনীর বক্তব্য, দেশের সার্বভৌমত্ব ও অখণ্ডতা বজায় রাখার স্বার্থেই দেশের গুরুত্বপূর্ণ সীমান্ত অঞ্চলের সুরক্ষার দায়িত্ব সামরিক বাহিনীর হাতে থাকা প্রয়োজন। সেনার এই প্রস্তাবে প্রাথমিক সিলমোহর দিয়ে প্রতিরক্ষা মন্ত্রক নিরাপত্তা বিষয়ক ক্যাবিনেট কমিটি (সিসিএস)-র কাছে তা পেশও করেছে বলে সরকারি সূত্রে খবর।

## আইপিএল-এ নজির



১৮ ফেব্রুয়ারি: আইপিএল নিলামে নতুন রেকর্ড গড়লেন দক্ষিণ আফ্রিকার অলরাউন্ডার ক্রিস মরিস। ১৬.২৫ কোটি টাকায় তাঁকে কিনল রাজস্থান রয়্যালস। আইপিএল নিলামের ইতিহাসে মরিসই সবচেয়ে বেশি দামে বিক্রি হওয়া ক্রিকেটার। এর আগে ২০১৫ সালে যুবরাজ সিং-কে ১৬ কোটি টাকায় কিনেছিল দিল্লি। এদিন চেন্নাইয়ে আইপিএল-১৪-র জন্য নিলামে কলকাতা নাইট রাইডার্স কিনেছে সাকিব আসল হাসান, হরভজন সিংয়ের মতো তারকাকে। সচিন-পুত্র অর্জুন তেন্ডুলকর গিয়েছেন মুম্বই ইন্ডিয়ানসে। এ বছর আইপিএলের টাইটেল স্পনসর হিসেবে ফিরে আসছে ভিভো।

**১৬ ফেব্রুয়ারি** বাংলাদেশের মৌলবাদ বিরোধী মুক্তমনা ব্লগার অভিজিৎ রায়ের হত্যাকাণ্ডে ৫ অভিযুক্তকে ফাঁসির সাজা ও একজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিল ঢাকার বিশেষ সন্ত্রাসবিরোধী ট্রাইব্যুনাল। ৬ জন সাজাপ্রাপ্তকেই আল কায়দা জঙ্গি সংগঠনের শাখা আনসারউল্লাহ বাংলার সদস্য বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর গোলাম সরওয়ার খান। ২০১৫ সালের ফেব্রুয়ারি মাসে স্ত্রী রফিদা আহমেদের সঙ্গে অমর একুশে বইমেলা থেকে ফেরার পথে কুপিয়ে খুন করা হয় অভিজিৎকে।

**পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে** খরচ প্রায় হাজার কোটি টাকা ছুঁয়ে ফেলবে বলে নবান্ন সূত্রে জানানো হল। ২০১৯ সালে রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রে ভোটগ্রহণের জন্য খরচ হয়েছিল প্রায় ৬০০ কোটি টাকা। এ বছর সেই খরচ অনেকটাই বৃদ্ধি পাবে বলে রাজ্যের স্বরাষ্ট্রদপ্তরের কর্তাদের ধারণা। তাছাড়া এবার কোভিড পরিস্থিতির জন্য রাজ্যে বুথ পিছু এক হাজারের বেশি ভোটার রাখা যাবে না বলে কমিশন জানিয়ে দিয়েছে। ফলে ২৯৪টি বিধানসভা কেন্দ্রে মোট বুথের সংখ্যা দাঁড়িয়েছে ১ লক্ষ ১ হাজার ৭৯০টি। যেখানে গত লোকসভা ভোটে রাজ্যে বুথ ছিল ৭৮ হাজার ৮০৪টি।

**১৭ ফেব্রুয়ারি** রাজস্থানের শ্রীগঙ্গানগরে প্রিমিয়াম পেট্রলের দাম ১০০ টাকার গণ্ডি টপকেছিল আগেই। একটানা ন'দিন ধরে দাম বৃদ্ধি পেতে ওই শহরে সাধারণ পেট্রলের দামও ১০০ টাকা ছাড়িয়ে দাঁড়াল ১০০.১৩ টাকা প্রতি লিটার। দেশের কোনও শহরে এই প্রথম পেট্রলের দাম ১০০ টাকা ছাড়াল।

**টেস্ট ক্রিকেট থেকে অবসর নিয়ে** ফেললেন দক্ষিণ আফ্রিকার ফাফ দু প্লেসি। কিছুদিন আগেই অধিনায়কত্বও ছেড়েছিলেন ৩৬ বছর বয়সি দু প্লেসি। দেশের হয়ে ৬৯ টেস্টে ৪১৬৩ রান রয়েছে তাঁর, যার মধ্যে ১০টা সেঞ্চুরি। ২০১২ সালে টেস্ট কেরিয়ার শুরু করেছিলেন অ্যাডিলেডে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ম্যাচ দিয়ে। তবে টেস্ট থেকে অবসর নিয়ে এখন একদিনের ক্রিকেট ও টি-টোয়েন্টিতে বেশি করে মনোযোগ দিতে চান বলে জানিয়েছেন দু প্লেসি।

**১৮ ফেব্রুয়ারি** বিজেপিতে গেলেন 'মেট্রোম্যান' ই শ্রীধরণ। কেরালা বিধানসভা নির্বাচনের আগে বড়সড় চমক দিয়ে ৮৮ বছরের শ্রীধরণ এই ঘোষণা করলেন। কোঙ্কন রেলওয়ে থেকে দিল্লি মেট্রো— দেশজুড়ে পরিবহনের চিত্রটাকে অনেক পাল্টে দিয়ে খ্যাতি অর্জন করেছেন শ্রীধরণ। মাল্লাপুরম নিবাসী শ্রীধরণ বলেছেন, গত ১০ বছর এখানে আছি। ক্ষমতাসীন এলডিএফ এবং বিরোধী ইউডিএফ-কে দেখেই বলছি, কেরালার উন্নয়নের যা সম্ভাবনা ছিল ওরা তার কিছুই করেনি।

**তৃণমূলের মুর্শিদাবাদ জেলা পরিষদের** সভাধিপতি মোশারফ হোসেন দল থেকে বহিষ্কৃত হলেন। দলবিরোধী কাজের জন্য এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন জেলা তৃণমূল সভাপতি আবু তাহের খান। বহিষ্কারের খবর শুনে মোশারফ জানান মুর্শিদাবাদ জেলায় তাঁর চেষ্টাতেই তৃণমূল জনপ্রিয় হয়ে উঠেছিল।

## মঙ্গলে পদার্পণ সফল নাসার



১৯ ফেব্রুয়ারি: লালগ্রহে পা রাখল নাসার রোভার পার্সিভিয়ারেন্স। নাসার 'মার্স ২০২০' অভিযান শুরু হয়েছিল ২০১৩ সালে। গতবছর লকডাউনে পিছিয়ে গিয়েছিল মহাকাশযাত্রাও। শেষে ৩০ জুলাই বহু বাধা কাটিয়ে অ্যাটলাস ফাইভে করে মঙ্গলে পাড়ি দেয় মহাকাশযান। সঙ্গে নিয়ে যায় পার্সিভিয়ারেন্স রোভার এবং ইনজেনুইটি হেলিকপ্টার ও ড্রোনকে। 'মার্স ২০২০' অভিযান নিয়ে উৎসাহ আরও বাড়িয়েছে চার ভারতীয় বংশোদ্ভূত বিজ্ঞানীর নাম। বেঙ্গালুরুর স্বাতী মোহন ও জে বব বলরাম এবং বাংলার অনুভব দত্ত ও সৌম্য দত্ত। এঁরা চারজনই নাসার এই মঙ্গল অভিযানে নানা গুরুত্বপূর্ণ দায়িত্বে জড়িয়ে রয়েছেন।

## দ্বিতীয় টেস্টে ইংল্যান্ডকে হারাল ভারত



১৬ ফেব্রুয়ারি: প্রথম টেস্টে ইংল্যান্ডের কাছে হারের পর চেন্নাইয়ে দ্বিতীয় টেস্টে ইংল্যান্ডকে ৩১৭ রানে হারিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে দ্বিতীয় স্থানে উঠে এল ভারত। সিরিজের প্রথম টেস্ট ২০০-এর বেশি ব্যবধানে হারার পর দ্বিতীয় টেস্টে ২০০-এর বেশি রানে জেতার ঘটনা এই নিয়ে চতুর্থবার। ভারতের প্রথম ইনিংসে ৩২৯ রানের জবাবে ইংল্যান্ডের প্রথম ইনিংস ১৩৪ রানে শেষ হয়। দ্বিতীয় ইনিংসে ভারত করে ২৮৬ রান। ৪৮২ রানের জয়ের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে ১৬৪ রানে ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংস শেষ হয়ে যায়। রানের বিচারে ইংল্যান্ডের বিরুদ্ধে এটাই ভারতের সবচেয়ে বড় জয়। আগের রেকর্ড ছিল ২৭৯ রানে (হেডিংলে, ১৯৮৬)। টেস্ট বিশ্বচ্যাম্পিয়নশিপের প্রেক্ষিতে নিউ জিল্যান্ড ইতিমধ্যেই ফাইনালে উঠে গিয়েছে। লড়াই এখন মূলত ভারত, ইংল্যান্ড এবং অস্ট্রেলিয়ার মধ্যে। তিনে রয়েছে অস্ট্রেলিয়া, চারে ইংল্যান্ড। এই অবস্থায় একটা জয় পরাজয় গোটা চিত্রটা বদলে দিতে পারে।

# দোল আর ভোটের মরশুমে আয়ের পথ দেখাবে ভেষজ আবির



ভেষজ আবির তৈরি করে ব্যবসার প্রশিক্ষণ দেয় প্রগতি

কেন্দ্রীয় সরকারের জাতীয় ক্ষুদ্র শিল্প নিগমের অন্তর্ভুক্ত সংস্থা 'প্রগতি', ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রগতি-তে যে কোনও সময়ই ভর্তি হওয়ার জন্য আবেদন করা যায়। এখানে সিঁদুর, আলতা, ভেষজ আবির— এই তিন সামগ্রী তৈরি একসঙ্গে শেখানো হয়। কোর্সের মেয়াদ ১০ থেকে ১২ দিন। প্রশিক্ষণের ফি ৯,৮০০ টাকা।

কেউ যদি শুধু ভেষজ আবির তৈরি শিখতে চান, তাও সম্ভব। সেক্ষেত্রে সময় লাগবে পাঁচ থেকে ছ'দিন, প্রতি দিন চার থেকে পাঁচ ঘণ্টার ক্লাস। প্রশিক্ষণের ফি ৩,০০০ টাকা।

সব ক্ষেত্রেই হাতে-কলমে কাজ শেখার পর শিক্ষার্থী কী ভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন এবং মার্কেটিং সম্পর্কে যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়। কর্মশালায় আবির, আলতা বা সিঁদুর তৈরির যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়।

এই প্রতিষ্ঠানের কর্ণধার সোমনাথ রায়চৌধুরী জানালেন, ছোট পরিসরে অল্প পুঁজি নিয়েও আবিরের ব্যবসা শুরু করা যায়। আবির তৈরি করে অনলাইন স্বাধীন ভাবে ব্যবসা করা যায়। শুধুমাত্র পশ্চিমবঙ্গের ছেলেমেয়েরাই নন, ভারতের অন্যান্য

প্রথম পাতার পর

রাজ্য থেকেও শিক্ষার্থীরা প্রগতি-তে ভেষজ আবির তৈরি করা শিখতে আসেন। এবার যেমন অন্ধ্রপ্রদেশ ও ত্রিপুরা থেকে শিক্ষার্থীরা এসেছেন।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

## এক দিনের প্রশিক্ষণ

মাত্র এক দিন প্রশিক্ষণ দিয়ে ভেষজ আবির তৈরির সম্পূর্ণ প্রকৌশল শিখিয়ে দেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট অসীম চট্টোপাধ্যায়।

সাধারণত ফুলের নির্যাস থেকে ভেষজ আবির তৈরি করা হয়। অসীমবাবু শেখান কী ভাবে ফুলের পাপড়ি শুকিয়ে তা থেকে আবির তৈরি করতে হয়। এক্ষেত্রে যে-সময় যে-ফুলের মরশুম, তখন সেই ফুল প্রচুর পরিমাণে কিনে শুকিয়ে প্রিজার্ভ করে রাখতে হয়। পলাশ ফুলের ক্ষেত্রেও তাই করা হয়। শুকনো রজনীগন্ধার পাপড়ি ও নিমপাতা মিশিয়ে অসীমবাবুই প্রথম সাদা আবির তৈরি করেন। রং একই রকম উজ্জ্বল থাকে। তৈরির সময় ফুলের শুকনো পাপড়ির সঙ্গে মেশানো হয় ট্যালকম পাউডার।

অসীমবাবুর কাছে প্রশিক্ষণের মেয়াদ মাত্রই এক দিন। যে-কেউ এই প্রশিক্ষণ নিতে পারেন, কেবল লিখতে-পড়তে জানা চাই আর ব্যবসা করার আগ্রহ থাকা চাই। এছাড়াও এই মরশুমে তাঁর কাছ থেকে পাইকারি দরে আবির কিনে ব্যবসাও করতে পারেন।

**অসীম চট্টোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগ:** ৯৪৩২২-১১৮৬৮ (রাত ৯টা থেকে ১০টার মধ্যে ফোন করতে হবে)।

# ফায়ার সেফটি ম্যানেজমেন্টে ডিপ্লোমা

**নিজস্ব প্রতিনিধি:** ফায়ার টেকনোলজি অ্যান্ড সেফটি ম্যানেজমেন্টে এক বছরের ডিপ্লোমা ও পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে মহেন্দ্র নাথ ঘোষ এডুকেশনাল ওয়েলফেয়ার ট্রাস্ট। কেন্দ্রীয় সংস্থা এম এস এম ই-র সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি করানো হবে।

**কোর্সের বিবরণ: ডিপ্লোমা:** শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্স ফি: ৫৪,০০০ টাকা। **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা:** শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্স ফি: ৬৪,০০০ টাকা।

এখনই আবেদন করা যাচ্ছে। শীঘ্র আবেদন করুন। যোগাযোগের ঠিকানা: এম এন জি গোলপার্ক, ১৩৪/১ সাউদার্ন অ্যাভিনিউ, থার্ড অ্যান্ড ফোর্থ ফ্লোর, কলকাতা-৭০০ ০১৯। ফোন নম্বর: ১৮০০-৮৮৯-১৩০১, ৭৯৮০১-৯১৪৩০। ওয়েবসাইট: www.mngacademy.in, www.mnginfotech.in

# ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার ১০ এপ্রিল ও ১২ জুন

৫ বছর মেয়াদের ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) কোর্সে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার নেওয়া হবে ১০ এপ্রিল এবং ১২ জুন (শনিবার)। এই পরীক্ষায় সফল হলে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তি হওয়া যাবে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে। পরীক্ষা নেবে কাউন্সিল অব আর্কিটেকচার। পরীক্ষাটি জাতীয় স্তরের। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। প্রতিটি বিষয়েই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে। ২০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে ডায়াগ্রামাটিক রিজনিং, নিউমেরিক্যাল রিজনিং, ভার্বাল রিজনিং, ইন্ডাকটিভ রিজনিং, সিচুয়েশনাল জাজমেন্ট, লজিক্যাল রিজনিং এবং অ্যাবস্ট্রাক্ট রিজনিং বিষয়ে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। পরীক্ষার সময় সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।


পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হাওড়া, আসানসোল, দুর্গাপুর এবং শিলিগুড়ি। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১০ এপ্রিলের পরীক্ষার ক্ষেত্রে ৬ এপ্রিল থেকে এবং ১২ জুনের পরীক্ষার ক্ষেত্রে ৮ জুন থেকে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in


অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nata.nic.in অনলাইন আবেদন করা যাবে ১০ এপ্রিলের পরীক্ষার ক্ষেত্রে ২৮ মার্চ এবং ১২ জুনের পরীক্ষার ক্ষেত্রে ৩০ মে পর্যন্ত। মনে রাখেন, অনলাইন রেজিস্ট্রেশনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৪ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (১ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ১,৫০০ টাকা)। দু বার পরীক্ষায় বসতে চাইলে ফি বাবদ দিতে হবে ৪,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩,০০০ টাকা)। অনলাইনে ই পি জি পদ্ধতিতে ফি জমা দিতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরগুলিতে: ৯৫৬০৭-০৭৭৬৪, ৯৩১৯২-৭৫৫৫৭। ই-মেল: nata.helpdesk2021@gmail.com



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

132. ভারতীয় সংবিধানে কত নম্বর পার্টে হাইকোর্ট সম্পর্কে বলা হয়েছে?
(a) চার (b) পাঁচ (c) ছয় (d) সাত
133. অশোক মেহেতা কমিটি কত সালে নিয়োগ করা হয়?
(a) 1976 সালে (b) 1977 সালে (c) 1966 সালে (d) 1967 সালে
134. বর্তমান ফিনান্স কমিশনের চেয়ারম্যান হলেন:
(a) ভেনুগোপাল রেড্ডি (b) অর্জুন রেড্ডি (c) বিজয় কেলকার (d) সি রঙ্গরাজন
135. অ্যাটর্নি জেনারেল-কে কে নিয়োগ করেন?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) লোকসভার স্পিকার (d) মুখ্যমন্ত্রী
136. ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন গঠিত হয়:
(a) 1956 সালে (b) 1950 সালে (c) 1960 সালে (d) 1993 সালে
137. ভারতীয় সংবিধানের মূল উৎস কী?
(a) প্রেসিডেন্ট (b) পিপল অব ইন্ডিয়া (c) প্রধানমন্ত্রী (d) কেউই নন
138. অধ্যাপক কে সি হোয়ারের মতে ভারতীয় শাসনব্যবস্থা হল:
(a) যুক্তরাষ্ট্রীয় প্রকৃতির (b) আধা-যুক্তরাষ্ট্রীয় প্রকৃতির (c) আধা-সামন্ততান্ত্রিক প্রকৃতির (d) ইউনিটারি প্রকৃতির
139. কততম ধারা অনুযায়ী ভারতীয় সংবিধান সংশোধন করা হয়?
(a) 368 (b) 358 (c) 356 (d) 370
140. সংবিধানের কোন সংশোধনী ভোটদানের বয়স 21 থেকে কমিয়ে 18 বছর করেছে?
(a) 60তম সংশোধনী (b) 61তম সংশোধনী (c) 62তম সংশোধনী (d) 63তম সংশোধনী
141. সবুজ বিপ্লব কীসের সঙ্গে যুক্ত?
(a) পরিবেশের ভারসাম্য রক্ষা (b) কৃষিজাত উৎপাদন বৃদ্ধি (c) বিশ্ব উষ্ণায়ন (d) কোনওটিই নয়
142. ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‌্যাল ডেভেলপমেন্ট স্থাপিত হয়:
(a) 1981 সালে (b) 1982 সালে (c) 1983 সালে (d) 1984 সালে
143. ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া স্থাপিত হয়:
(a) 1963 সালে (b) 1964 সালে (c) 1965 সালে (d) 1970 সালে
144. স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া পূর্বে কী নামে পরিচিত ছিল?
(a) ইম্পিরিয়াল ব্যাঙ্ক অব ইন্ডিয়া (b) ন্যাশনাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া (c) সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া (d) ইনডাস্ট্রিয়াল ব্যাঙ্ক অব ইন্ডিয়া
145. রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া কত সালে গঠিত হয়?
(a) 1933 সালে (b) 1934 সালে (c) 1935 সালে (d) 1936 সালে
146. দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কার মডেল গ্রহণ করা হয়?
(a) হ্যারড ডোমা (b) প্রশান্তচন্দ্র মহলানবিশ (c) ক্যাডডর মডেল (d) রাও মনমোহন
147. পি এল 480 চুক্তি অনুযায়ী ভারত বিদেশ থেকে কী আমদানি করে?
(a) খাদ্যশস্য আমদানি করে (b) তেল আমদানি করে (c) চা আমদানি করে (d) সবক'টি
148. ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড গঠিত হয়:
(a) 1944 সালে (b) 1946 সালে (c) 1943 সালে (d) 1942 সালে
149. ভারতে জেন্ডার বাজেটিং কত সালে চালু হয়?
(a) 2004-05 সালে (b) 2005-06 সালে (c) 1944-45 সালে (d) 1945-46 সালে
150. কোন কমিটির সুপারিশে 1976 সালে কেন্দ্রীয় সরকার ভ্যাট চালু করে?
(a) মুদালিয়ার কমিটি (b) এল কে ঝা কমিটি (c) রাজ কমিটি (d) চেলিয়া কমিটি

### সাম্প্রতিক ঘটনাবলি


151. ইউনেস্কোর বর্তমান ডিরেক্টর জেনারেল কে?
(a) Audrey Azoulay (b) Hamad Kawari (c) Fleur Pellerin (d) কেউই নন
152. 'মিত্র শক্তি 2017' যৌথ সামরিক মহড়া ভারতের সঙ্গে কোন দেশের হয়?
(a) ভুটান (b) নেপাল (c) বাংলাদেশে (d) শ্রীলঙ্কা
153. সম্প্রতি প্রয়াত হলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। তিনি দেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?
(a) একাদশ (b) ত্রয়োদশ (c) চতুর্দশ (d) নবম
154. বর্তমান ভারতের CAG হলেন:
(a) Griash Chandra Murmu (b) Shashi Kant Sharma (c) Vinod Rai (d) কেউই নন
155. NITI Aayog-এর Vice Chairman হলেন:
(a) Rajiv Kumar (b) Rajiv Mehrishi (c) Viveck Goenka (d) Sunil Arora
156. বিশ্বের প্রথম কোথায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিল?
(a) উহান (চিন) (b) তেহরান (ইরান) (c) রোম (ইটালি) (d) লন্ডন (ব্রিটেন)
157. I do what I do কার লেখা?
(a) রঘুরাম রাজন (b) রমেশ ত্রিপাঠি (c) বিদ্যা কৃষ্ণমূর্তি (d) রামকমল মুখার্জি
158. The Discovery of India-কার লেখা?
(a) শশী থরুর (b) জওহরলাল নেহরু (c) বিক্রম শেঠ (d) চার্লস ডারউইন
159. হ্যারি পটার সিরিজের লেখক কে?
(a) J K Rowling (b) Lord Voldemort (c) David Grossman (d) Bob Dylan
160. কাকে হারিয়ে 2020-র রঞ্জি ট্রফি জিতল সৌরাষ্ট্র?
(a) দিল্লি (b) বাংলা (c) মুম্বই (d) অসম
161. 2020-র আই লিগ ফুটবল প্রতিযোগিতা জিতেছে কোন দল?
(a) এফ সি গোয়া (b) ইস্টবেঙ্গল (c) মোহনবাগান (d) ডেম্পো
162. সাহিত্যে নোবেল পুরস্কার 2020 পেলেন:
(a) লুইস এলিসাবেথ গ্লিক (b) ডোরিস লেসিং (c) সলমন রুশদি (d) অ্যালিস মুনরো
163. Indra 2017 কীসের সঙ্গে যুক্ত?
(a) Army (b) Navy (c) Air Force (d) সবক'টি
164. George Saunders তাঁর কোন লেখার জন্য ম্যান বুকার প্রাইজ পান?
(a) Lincoln in the Bardo (b) Lincoln of the Bardo (c) Lincoln in a Bardo (d) Lincoln of the Bardo
165. World Food Day:
(a) 16 অগস্ট (b) 16 অক্টোবর (c) 16 সেপ্টেম্বর (d) 16 মে
166. UNESCO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) প্যারিস (b) ওয়াশিংটন ডি সি (c) নিউ ইয়র্ক (d) জেনেভা
167. এদের মধ্যে কোনটি 2017 সালে UNESCO World Heritage Site হিসেবে গণ্য হয়?
(a) আমেদাবাদ (b) নালন্দা (c) সুন্দরবন (d) রাজস্থান
168. World's largest combustion research centre কোথায় অবস্থিত?
(a) কর্নাটক (b) তামিলনাড়ু (c) গোয়া (d) রাজস্থান
169. ভারতে Multi-Commodity Exchange of India Ltd (MCX) কীসের সঙ্গে যুক্ত?
(a) সোনা (b) কয়লা (c) তেল (d) সবক'টি
170. প্রধানমন্ত্রিত্ব থেকে সম্প্রতি পদত্যাগ করলেন মহাথির মহম্মদ। তিনি কোন দেশের প্রধানমন্ত্রী ছিলেন?
(a) মালয়েশিয়া (b) ইন্দোনেশিয়া (c) ভিয়েতনাম (d) কাম্বোডিয়া
171. 2020-তে ফরাসি ওপেন টেনিস প্রতিযোগিতা জিতলেন স্পেনের রাফায়েল নাদাল। এই নিয়ে কতবার এই ট্রফি জিতলেন তিনি?
(a) 11 বার (b) 13 বার (c) 10 বার (d) 15 বার
172. বিহু নাচ ভারতের কোন রাজ্যের সঙ্গে যুক্ত?
(a) অসম (b) মেঘালয় (c) অরুণাচল প্রদেশ (d) ত্রিপুরা
173. Board of Control for Cricket in India (BCCI)-এর বর্তমান প্রেসিডেন্ট কে হয়েছেন?
(a) Diana Edulji (b) Vikram Lamaye (c) Sourav Ganguly (d) Rahul Johri
174. The man who could never say No কার লেখা?
(a) N N Saxena (b) Vikram Seth (c) S Muthiah (d) Gopalkrishna Gandhi
175. Digital Radio Round Table Conference চালু করেন:
(a) Arun Jaitely (b) M Venkaiah Naidu (c) Rajnath Singh (d) Narendra Modi

### সাধারণ মানসিক দক্ষতা


176. BLOCKED is written as YOLXPVW. How is OZFMXS written in that code?
(a) RESULT (b) NAUGHT (c) LAUNCH (d) LABOUR
177. Choose the word which is least like the other words.
(a) Curd (b) Butter (c) Oil (d) Cheese
178. 1, 4, 9, 16, 25, __?__
(a) 35 (b) 36 (c) 48 (d) 49
179. 20, 19, 17, __?__, 10, 5
(a) 12 (b) 13 (c) 14 (d) 15
180. FORGE is written as FPTI, How is CULPRIT written in that code?
(a) CSJNPGR (b) CVMQSTU (c) CVNSVNZ (d) CXOSULW
181. One day, Ravi left home and cycled 10 km Southwards, turned right and cycled 5 km and turned right and cycled 10 km and turned left and cycled 10 km. How many km will he have to cycle to reach his home straight?
(a) 10 km (b) 15 km (c) 5 km (d) 25 km
182. How many numbers from 11 to 50 are there which are exactly divisible by 7 but not by 3?
(a) 2 (b) 4 (c) 5 (d) 6
183.

| | | |
|---|---|---|
| 3 | 5 | 8 |
| 5 | 7 | 12 |
| 2 | ? | 11 |


(a) 9 (b) 5 (c) 2 (d) 4
184.




(a) 10 (b) 6 (c) 4 (d) 1
185.




(a) 28 (b) 29 (c) 31 (d) 32
186.




এরপর সাতের পাতায়

## রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতের 'সাধারণ পাসপোর্ট'-এর মলাট কী রঙের হয়?
(a) সাদা (b) নীল (c) মেরুণ (d) কালো
2. 'পথসাথী' প্রকল্পটি কোন বিষয়ের সঙ্গে যুক্ত?
(a) চিকিৎসা সংক্রান্ত (b) পে অ্যান্ড ইউজ টয়লেট (c) পরিবহন সংক্রান্ত (d) সাইকেল
3. একটি A-4 সাইজের কাগজের মাপ হল:
(a) 210 × 297 mm (b) 297 × 247 mm (c) 297 × 420 mm (d) 225 × 210 mm
4. ভারত সরকারের 'ইন্দ্রধনুব স্কিম' কোন মন্ত্রকের অধীনে:
(a) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা (b) শিক্ষা (c) প্রতিরক্ষা (d) ভূতল
5. এক বিলিয়ন সমান হল:
(a) 1 এবং 10টি শূন্য (b) 1 এবং 8টি শূন্য (c) 1 এবং 9টি শূন্য (d) 1 এবং 7টি শূন্য
6. বেকিং সোডা হল:
(a) পটাশিয়াম ক্লোরাইড (b) সোডিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম সালফেট (d) কপার সালফেট
7. ইনজেকশনের ভয়কে কী বলে?
(a) ট্রম্যাটোফোবিয়া (b) ট্রিপ্যানোফোবিয়া (c) টক্সিফোবিয়া (d) থিকসোফোবিয়া
8. প্রজনন প্রক্রিয়ায় সহযোগিতা করে কোন ভিটামিন?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-B (c) ভিটামিন-E (d) ভিটামিন-K
9. পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক কোথায় অবস্থিত?
(a) গ্যাংটক (b) দেরাদুন (c) সিমলা (d) দার্জিলিং
10. কলকাতার মহাজাতি সদনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন কে?
(a) বিধানচন্দ্র রায় (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) নেতাজি সুভাষচন্দ্র বসু (d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
11. বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) টোকিও (b) প্যারিস (c) নিউ ইয়র্ক (d) জেনেভা
12. 'লোকপাল ও লোকায়ুক্ত বিল' কত সালে পাশ হয়?
(a) 2010 সালে (b) 2011 সালে (c) 2012 সালে (d) 2013 সালে
13. 'কোলেস্টেরল' হল রক্তের:
(a) প্রোটিন (b) ফ্যাট (c) ভিটামিন (d) খনিজ
14. কম্পিউটারের 'বাইনারি সিস্টেম' সংখ্যা পদ্ধতিতে সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট রাশি হল?
(a) 11 ও 1 (b) 1 ও 0 (c) 0 ও 9 (d)1 ও 10
15. 'সন্দেশ' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন?
(a) উপেন্দ্রকিশোর রায়চৌধুরি (b) সুকুমার রায় (c) সত্যজিৎ রায় (d) রবীন্দ্রনাথ ঠাকুর
16. http-এর পুরো কথা হল:
(a) hypertext transfer protocol (b) hypertext transfer programme (c) hypertext termination protocol (d) hypertext transit programme
17. মার্ক জুকেরবার্গ কীসের প্রতিষ্ঠাতা?
(a) হোয়াটস-অ্যাপ (b) টুইটার (c) ফেসবুক (d) ইনস্টাগ্রাম
18. চক্ষুদানের সময় চোখের কোন অংশটি দাতার (Donar) কাছ থেকে নেওয়া হয়?
(a) আইরিস (b) রেটিনা (c) লেন্স (d) কর্নিয়া
19. গাছের হাইড্রোজেনের প্রধান উৎস কোনটি?
(a) জল (b) মাটি (c) সূর্যকিরণ (d) বাতাস
20. 'রেডিয়াস' নামে হাড় মানবদেহের কোন অঙ্গের সঙ্গে যুক্ত?
(a) গলা (b) পা (c) হাত (d) বুক
21. 'ভারতের অ্যাটিলা' নামে কাকে অভিহিত করা হয়?
(a) হর্ষবর্ধন (b) মিহিরগুল (c) বল্লাল সেন (d) অশোক
22. 'মাদার ক্যারেজ অ্যান্ড হার চিলড্রেন'— নাটকটি কার লেখা?
(a) উইলিয়াম শেক্সপিয়ার (b) ব্রেটল ব্রেখট (c) ওস্কার ওয়াইল্ড (d) স্যামুয়েল বেকেট
23. সিপাহি বিদ্রোহ প্রথম কোথায় আত্মপ্রকাশ করে?
(a) মেদিনীপুর (b) ব্যারাকপুর (c) চন্দননগর (d) কাকদ্বীপ
24. বিরজু মহারাজ কোন নৃত্যশৈলির জন্য বিখ্যাত?
(a) কত্থক (b) ভারত নাট্যম (c) মণিপুরী (d) কথাকলি
25. MSP-এর পুরো কথা হল:
(a) Minimum Support Price (b) Maximum Service Price (c) Minimum Sale Price (d) Maximum Selling Proportion
26. 'অসম্ভব কথাটি লেখা আছে মূর্খের অভিধানে' —কথাটি কে বলেছিলেন?
(a) নেপোলিয়ন (b) আব্দুল কালাম (c) হিটলার (d) মহাত্মা গান্ধী
27. 'চিন মিউজিক' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেবিল টেনিস (b) ক্রিকেট (c) টেনিস (d) বেসবল
28. 'রুজভেল্ট নগর'-এর বর্তমান নাম কী?
(a) চন্দননগর (b) কল্যাণী (c) বারাকপুর (d) চুঁচুড়া
29. সুন্দরবনের কাদাযুক্ত নীচু জলাজমি ও বনভূমিকে বলা হয়?
(a) খাঁড়ি (b) চর (c) বাদা (d) আবাদ
30. 'প্রফেশনাল ট্যাক্স' বা 'বৃত্তি কর' আরোপ করেন:
(a) রাজ্য সরকার (b) কেন্দ্র সরকার (c) রাজ্য ও কেন্দ্র সরকার (d) পৌরসভা
31. 'শতফুল বিকশিত হোক'—কথাটি কে বলেছিলেন?
(a) মাও-সে-তুঙ (b) হো চি মিন (c) কার্ল মার্কস (d) লেনিন
32. 'হিমনোলজি' হল:
(a) ঘুমসংক্রান্ত বিদ্যা (b) রক্ত সংক্রান্ত বিদ্যা (c) ডিম সংক্রান্ত বিদ্যা (d) শিলা সংক্রান্ত বিদ্যা
33. 'চেরি ব্লসম' ভারতের কোন রাজ্যের বৃষ্টিপাতের নাম?
(a) অসম (b) কেরল (c) মেঘালয় (d) তামিলনাড়ু
34. বীরভূমের কেঁদুলি বা জয়দেবের মেলা কোন দিন শুরু হয়?

এরপর সাতের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

(a) শ্রাবণ সংক্রান্তি (b) পঁচিশে বৈশাখ (c) মকর সংক্রান্তির দিন (d) চৈত্র সংক্রান্তি

35. ভারতে সবচেয়ে বেশি কোন ভাষায় সংবাদপত্র প্রকাশিত হয়?
(a) হিন্দি (b) ইংরেজি (c) বাংলা (d) মারাঠি

36. তামিলনাড়ুর শতাব্দি প্রাচীন ষাঁড়ের লড়াই কী নামে পরিচিত?
(a) জাল্লিকাটু (b) লাগোরি (c) কলেরিপ্পায়াট্টু (d) মাল্লাখাম্বা

37. পশ্চিমবঙ্গের কোন স্টেশনে ব্রড গেজ, ন্যারো গেজ এবং মিটার গেজ তিনটি গেজের ট্রেন থামতে পারে?
(a) আসানসোল জংশন (b) খড়্গপুর জংশন (c) দমদম জংশন (d) শিলিগুড়ি জংশন

38. ফোর্ট ইউলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন?
(a) লর্ড ওয়েলেসলি (b) লর্ড ডালহৌসি (c) লর্ড ক্যানিং (d) লর্ড ক্লাইভ

39. ফুটবলে প্রথম পদ্মশ্রী পুরস্কার পান?
(a) শ্যাম থাপা (b) চুনি গোস্বামী (c) অমল দত্ত (d) গোষ্ঠ পাল

40. ভারত সরকারের 'First Law Officer' কাকে বলা হয়?
(a) অর্থ মন্ত্রী (b) কম্পট্রোলার অ্যান্ড অডিট জেনারেল (c) অ্যাটর্নি জেনারেল (d) সলিসিটর জেনারেল

41. 'হিতোপদেশ' গ্রন্থটি কার লেখা?
(a) নারায়ণ পণ্ডিত (b) হরিভদ্র (c) ভদ্রবাহু (d) বাণভট্ট

42. 'দিয়ারা' অঞ্চলটি পশ্চিমবঙ্গের কোন জেলায়?
(a) মুর্শিদাবাদ (b) জলপাইগুড়ি (c) বীরভূম (d) মালদা

43. 'Right to Information' হল:
(a) ব্যক্তিগত অধিকার (b) মৌলিক কর্তব্য (c) আইনত অধিকার (d) মৌলিক অধিকার

44. প্রথম কোন দেশের পেসবোলার টেস্টে 600-এর বেশি উইকেট পেয়েছেন?
(a) ইংল্যান্ড (b) অস্ট্রেলিয়া (c) নিউজিল্যান্ড (d) ইন্ডিয়া

45. 'ওয়ান অ্যারেঞ্জ মার্ডার' বইটি কার লেখা?
(a) অরুন্ধতি রায় (b) অমিতাভ ঘোষ (c) বিক্রম শেঠ (d) চেতন ভগত

46. 'The Anywhere School' নামে অনলাইন লার্নিং পদ্ধতি চালু করে:
(a) গুগল (b) আকাশ ডিজিটাল (c) বাইজু (d) বেদান্ত

47. 'ওয়ার্ল্ড ফাস্টেস্ট হিউম্যান ক্যালকুলেটর-2020' খেতাব অর্জনকারি নীলকান্ত ভানু প্রকাশ কোন রাজ্যের নাগরিক?
(a) তেলেঙ্গানা (b) অন্ধ্রপ্রদেশ (c) কেরল (d) উত্তরাখণ্ড

48. 'মিড-টার্ম পোল' বইটি কার লেখা?
(a) প্রণব মুখোপাধ্যায় (b) ইন্দিরা গান্ধী (c) শশী থারুর (d) মনমোহন সিং

49. 2G টেকনোলজি হল:
(a) অ্যানালগ (b) ডিজিটাল (c) এল টি ই (d) কোনওটিই নয়


50. 'স্ত্রী শিক্ষা না হলে আমাদের পশুজন্ম ঘুচবে না'—একথা কে বলেছিলেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) রাজা রামমোহন রায় (d) স্বামী বিবেকানন্দ

51. নীচের কোন শব্দজোড়াগুলি সঠিক নয়?
(a) পান্নালাল খান : বাঁশি (b) বিসমিল্লা খান : সানাই (c) জুবিন মেহেতা : সারেঙ্গী (d) বিলায়েত খান : সেতার

52. 3, 4, 4, 4, 5, 4, 6 ____ এই সংখ্যা সারির পরের সংখ্যাটি কত হবে?
(a) 8 (b) 4 (c) 7 (d) 6

53. যদি গতকালের আগের দিন সোমবার হয়ে থাকে তবে আগামীকালের পরের দ্বিতীয় দিন কী হবে?
(a) মঙ্গলবার (b) বৃহস্পতিবার (c) শুক্রবার (d) শনিবার

54. '?' চিহ্ন ঘরে কোন সংখ্যাটি বসবে?





(a) 42 (b) 40 (c) 48 (d) 45

55. ACCOMMODATION শব্দটির মধ্যে কোন বর্ণগুলি দু'বার ব্যবহার হয়েছে?
(a) A, C, M (b) A, O, C (c) A, C, M (d) A, C, O

56. যদি HIMALAYA = IJNBMBZB লেখা হয় তবে SAGAR = কী লেখা হবে?
(a) TBJGR (b) TBJFW (c) TBHBS (d) TBJES


57. নীচের ছবির মতো লেখা কাগজটি ভাঁজ করে একটি ঘনক তৈরি করা হলে G-এর বিপরীতে কোন রঙটি আসবে?




(a) O (b) P (c) R (d) W

58. যদি P = +, M = –, N = ×, D = ÷ হয় তবে (22 N 10) M (10 P 10) D 8 = কত হবে?
(a) 28 (b) 25 (c) 22 (d) 20

59. কোন ভেনচিত্রটি সংসদ, লোকসভা, রাজ্যসভা নির্দেশ করছে?




60. যদি কোনও নির্দিষ্ট কোডে UNIVERSITY = XNXVXRSXTY লেখা হয়, তবে COLLEGE কী লেখা হবে?
(a) CXXLXGX (b) CXLLXXG (c) CXLXXGX (d) CXLLXGX

61. নীচের সিরিজে কোন সংখ্যাটি বেশিবার এসেছে?
1234516789109876543210l2345
(a) 5 (b) 6 (c) 7 (d) 1

62. AMHHTRARASA শব্দটির অক্ষরগুলি সাজালে একটি রাজ্যের নাম পাওয়া যায়। প্রথম ও শেষ অক্ষরদু'টি কী হবে?
(a) TA (b) MA (c) HA (d) RN

63. কোনও বিশেষ সাংকেতিক ভাষায় NEPAL = 12345 এবং BANGA = 74164 হয় তবে BENGAL = কী হবে?
(a) 726154 (b) 762145 (c) 726145 (d) 721645


64. কোন অক্ষরটি নীচের শব্দগুলির প্রথমে বসালে নতুন শব্দ তৈরি হবে?
ARE ARD OLD OME
(a) K (b) D (c) H (d) P

65. নীচের কোন শব্দটি Dictionary অনুযায়ী শেষে আসবে?
(a) Deducible (b) Dedicatory (c) Dedication (d) Deductive

66. নীচের চারটি ঠিকানার তিনটি একই আছে। কোনটি আলাদা?
(a) CESE, South Regional Office, 6 Mandeville Gardens, Kolkata-700019, Tel-2440-6470 (b) CESE, South Regional Office, 6 Mandeville Gardens, Kolkata-700019, Tel-2404-6470 (c) CESE, South Regional Office, 6 Mandeville Gardens, Kolkata-700019, Tel-2440-6470 (d) CESE, South Regional Office, 6 Mandeville Gardens, Kolkata-700019, Tel-2440-6470

67. দীপক একটি লাইনের দু'দিক থেকে দশম স্থানে অবস্থান করছে। তাহলে সেই লাইনে কতজন আছে?
(a) 18 জন (b) 21 জন (c) 19 জন (d) 20 জন

68. নীচের ছবিতে কতগুলি ত্রিভুজ ও বর্গক্ষেত্র আছে?



(a) 7টি বর্গক্ষেত্র ও ত্রিভুজ 8টি (b) 12টি বর্গক্ষেত্র ও ত্রিভুজ 16টি (c) 5টি বর্গক্ষেত্র ও ত্রিভুজ 16টি (d) 8টি বর্গক্ষেত্র ও ত্রিভুজ 16টি

69. নীচের কোন শব্দটিকে দেওয়ালের উল্টোদিকে থাকা আয়নার মধ্য দিয়ে যদি দেখা যায় তাহলে শব্দটি একইরকম দেখাবে?
(a) NOM (b) TOT (c) TON (d) AOP

70. নীচের '?' স্থানে সঠিক বিকল্পটি বসান:
হিটলার : জার্মানি : মুসোলিনি : ?
(a) অস্ট্রিয়া (b) ফ্রান্স (c) আমেরিকা (d) ইতালি

71. পিতা ও পুত্রের বয়সের অনুপাত 7 : 2; পুত্রের বয়স 12 বছর হলে পিতার বয়স কত?
(a) 30 বছর (b) 58 বছর (c) 42 বছর (d) 25 বছর

72. একটি কাচের কারখানায় আগে দৈনিক 1,500টি বোতল তৈরি হত। এখন সেখানে 1,695টি বোতল তৈরি হয়। উৎপাদন বৃদ্ধির শতকরা হার কত?
(a) 26% (b) 13% (c) 15% (d) 25%

73. যদি $3\sqrt{5} + \sqrt{125} = 17.88$ হয়, তাহলে $\sqrt{80} + 6\sqrt{5}$ = কত হবে?
(a) 20.46 (b) 22.35 (c) 21.66 (d) 20.12

74. 240-এর $6\frac{1}{4}\% + 85$ of $\frac{4}{5} = 19 + (?)^2$
(a) 7 (b) 8 (c) 9 (d) 10

75. বার্ষিক 7% সরল সুদের হারে 350 টাকার 8 বছরের সুদ কত?
(a) 196 টাকা (b) 296 টাকা (c) 396 টাকা (d) 496 টাকা

76. একজন দোকানদার তাঁর দোকানের সমস্তপ্রকার জিনিস 12% লাভে বিক্রি করেন। তিনি যে জিনিসটি 240 টাকায় ক্রয় করেছেন তার বিক্রয়মূল্য কত হবে?
(a) 368.80 টাকা (b) 160.35 টাকা (c)135 টাকা (d) 268.80 টাকা

77. রবি একটি সাইকেল কিনেছে 1800 টাকা দিয়ে। সে সেটি 10% লোকসানে বিক্রি করেছে। সাইকেলটির বিক্রয়মূল্য কত?
(a) 1500 টাকা (b) 1,620 টাকা (c) 2000 টাকা (d) 1400 টাকা

78. দু'টি সংখ্যা 5 : 4 অনুপাতে আছে। তাদের বর্গের বিয়োগফল 144, সংখ্যাদু'টি কত?
(a) 20 এবং 16 (b) 15 এবং 18 (c) 20 এবং 30 (d) 4 এবং 5

79. যদি A : B = 4 : 5 হয় এবং A : C = 2 : 3 হয়, তাহলে B : C কত হবে?
(a) 3 : 2 (b) 7 : 8 (c) 5 : 6 (d)10 : 12

80. জল বের করার নল দিয়ে একটি চৌবাচ্চা খালি হয় 1 ঘণ্টায়। কিন্তু চৌবাচ্চার তলায় ছিদ্র থাকার কারণে জল বের করার নলটি খুলে দিলে চৌবাচ্চা খালি হতে 45 মিনিট সময় লাগে। জল খালি করার নলটি বন্ধ থাকলে, ছিদ্র দিয়ে কত সময়ে জলপূর্ণ চৌবাচ্চা খালি হবে?
(a) 2 ঘণ্টা (b) $2\frac{1}{2}$ ঘণ্টা (c) 3 ঘণ্টা (d) $3\frac{1}{4}$ ঘণ্টা

#### উত্তর

1(b), 2(b), 3(a), 4(a), 5(c), 6(b), 7(b), 8(c), 9(d), 10(b), 11(d), 12(b), 13(b), 14(b), 15(a), 16(a), 17(c), 18(d), 19(a), 20(c), 21(b), 22(b), 23(b), 24(a), 25(a), 26(a), 27(b), 28(b), 29(c), 30(a), 31(a), 32(a), 33(b), 34(c), 35(a), 36(a), 37(d), 38(a), 39(d), 40(c), 41(a), 42(d), 43(c), 44(a), 45(d), 46(a), 47(a), 48(a), 49(a), 50(a), 51(c), 52(b), 53(d), 54(c), 55(c), 56(c), 57(c), 58(b), 59(b), 60(d), 61(d), 62(b), 63(d), 64(c), 65(c), 66(b), 67(c), 68(c), 69(b), 70(d), 71(c), 72(b), 73(b), 74(b), 75(a), 76(d), 77(b), 78(a), 79(c), 80(c).

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও চঞ্চল ঘোষ*


## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

(a) 625 (b) 25 (c) 125 (d) 156

187.




(a) 115 (b) 130 (c) 135 (d) 140

188. CAE, HFJ, MKO, RPT, __?__
(a) WUY (b) UTY (c) VUZ (d) WUZ

189. If = A = 1, BAD = 7, then HAT = ?
(a) 8 (b) 10 (c) 19 (d) 29

190. 12, 26, 54, 110, __?__
(a) 223 (b) 222 (c) 220 (d) 225

191.

| | | |
|---|---|---|
| 4 | 20 | 5 |
| 5 | ? | 6 |
| 9 | 45 | 5 |

(a) 25 (b) 30 (c) 15 (d) 21

192.

| | | |
|---|---|---|
| 11 | 20 | 35 |
| 4 | 3 | 2 |
| 5 | 3 | 2 |
| 49 | 63 | ? |

(a) 39 (b) 72 (c) 112 (d) 100

193. $6 \times 4 \times 5 = 456, 3 \times 2 \times 8 = 283 \therefore 4 \times 9 \times 3 = ?$
(a) 349 (b) 934 (c) 394 (d) 493

194. If '×' means '+', '+' means '÷', '–' means '×' and '÷' means '–', then $6 \times 4 - 5 + 2 \div 1 = ?$
(a) 25 (b) 36 (c) 50 (d) 55

195. 64 : 100 : : 16 : ?
(a) 10 (b) 11 (c) 12 (d) 15

196. ABDE : PQST : : MNPQ : ?
(a) EFHI (b) UVXZ (c) IJLN (d) TVWX

197. A, B and C are sisters. D is the brother of E and E is the daughter of B. How is A related to D?
(a) Brother (b) Sister (c) Aunt (d) Cousin

198. If 'Q' means 'add to', 'J' means 'multiply by', 'T' means 'substract from' and 'k' means 'divide by', then 30K2Q3J6T5 =?
(a) 18 (b) 28 (c) 31 (d) 103

199. 7, 28, 63, 124, 215, 342, 511 Find the wrong number in the series?
(a) 7 (b) 124 (c) 215 (d) 28

200. Find out the next term in the series: BMO, EOQ, HQS, ?
(a) KSU (b) LMN (c) SOV (d) SOW

#### উত্তর

132(c), 133(b), 134(a), 135(a), 136(d), 137(b), 138(b), 139(a), 140(b), 141(b), 142(b), 143(b), 144(a), 145(c), 146(b), 147(a), 148(a), 149(a), 150(b), 151(a), 152(d), 153(b), 154(a), 155(a), 156(a), 157(a), 158(b), 159(a), 160(b), 161(c), 162(a), 163(d), 164(a), 165(b), 166(a), 167(a), 168(b), 169(a), 170(a), 171(b), 172(a), 173(c), 174(c), 175(b), 176(c), 177(c), 178(b), 179(c), 180(c), 181(b), 182(b), 183(a), 184(c), 185(b), 186(a), 187(b), 188(a), 189(d), 190(b), 191(b), 192(b), 193(b), 194(d), 195(b), 196(a), 197(c), 198(b), 199(d), 200(a).

প্রস্তুত করেছেন: অনির্বাণ হাজরা
উচ্চপদস্থ সরকারি আধিকারিক

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

*ফুরোবার আগেই সংগ্রহ করুন।*







স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in